



রোগী এবং শুশ্রূষাকারীর শিক্ষা

# আপনার অস্ত্রোপচারের আগে নির্দেশাবলি

আপনার অস্ত্রোপচার এই তারিখের জন্য নির্ধারিত হয়েছে: \_\_\_\_\_

আপনার অস্ত্রোপচারের সময় আপনাকে অ্যানেসথেসিয়া (আপনাকে ঘুম পাড়ানোর জন্য ওষুধ) দেওয়া হবে। সেইজন্য এই নির্দেশাবলি মেনে চলা খুবই গুরুত্বপূর্ণ। যদি আপনি ভুল ওষুধ খান বা আপনার অস্ত্রোপচারের কাছাকাছি সময়ে কিছু খান বা পান করেন তবে এটি দেরিতে করা হবে বা বাতিল করা হবে।

প্রেসক্রিপশন এবং দোকান থেকে সরাসরি কেনা ওষুধ, প্যাচ এবং ক্রিম সহ আপনি যে সমস্ত ওষুধ খাচ্ছেন সেগুলি সম্পর্কে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। অস্ত্রোপচারের আগে ওষুধ খাওয়া সম্পর্কে আরও তথ্যের জন্য, আমাদের *Common Medications Containing Aspirin, Other Nonsteroidal Anti-inflammatory Drugs (NSAIDs), or Vitamin E* ([www.mskcc.org/cancer-care/patient-education/common-medications-containing-aspirin-and-other-nonsteroidal-anti-inflammatory-drugs-nsaids](http://www.mskcc.org/cancer-care/patient-education/common-medications-containing-aspirin-and-other-nonsteroidal-anti-inflammatory-drugs-nsaids)) এবং *Herbal Remedies and Cancer Treatment* ([www.mskcc.org/cancer-care/patient-education/herbal-remedies-and-treatment](http://www.mskcc.org/cancer-care/patient-education/herbal-remedies-and-treatment)) তথ্যসূত্রগুলি পড়ুন।

## আপনার অস্ত্রোপচারের 7 দিন আগে, \_\_\_\_\_ তারিখে

- আপনি যদি অ্যাসপিরিন বা এমন কোনও ওষুধ খান যাতে অ্যাসপিরিন থাকে তবে আপনার ডোজ পরিবর্তন করতে হতে পারে বা এটি খাওয়া বন্ধ করতে হতে পারে। অ্যাসপিরিন রক্তক্ষরণ ঘটাতে পারে। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর নির্দেশাবলি মেনে চলুন। তারা আপনাকে না বলা পর্যন্ত অ্যাসপিরিন খাওয়া বন্ধ করবেন না।
- ভিটামিন ই, মাল্টিভিটামিন, ভেষজ প্রতিকার এবং অন্যান্য ডায়েটরি পরিপূরক সেবন বন্ধ করুন। এই জিনিসগুলি রক্তক্ষরণ ঘটাতে পারে।

## আপনার অস্ত্রোপচারের 2 দিন আগে, \_\_\_\_\_ তারিখে

- ননস্টেরয়েডাল অ্যান্টি-ইনফ্লেমেটরি ড্রাগস (NSAID), যেমন আইবুপ্রোফেন (Advil®, Motrin®) এবং ন্যাপ্রোক্সেন (Aleve®) সেবন বন্ধ করুন। এই ওষুধগুলি রক্তক্ষরণ ঘটাতে পারে।

# আপনার অস্ত্রোপচারের 1 দিন আগে, \_\_\_\_\_ তারিখে

- ভর্তি করার অফিসের একজন কর্মী আপনাকে দুপুর 2 টা থেকে সন্ধ্যা 7 টার মধ্যে কল করবেন। আপনার অস্ত্রোপচারের জন্য হাসপাতালে কোন সময় পৌঁছাতে হবে তা তাঁরা আপনাকে জানাবেন। যদি আপনার অস্ত্রোপচার সোমবারের জন্য নির্ধারিত হয় তবে তাঁরা আপনাকে আগের শুক্রবারে কল করবেন। আপনি যদি সন্ধ্যা 7 টা পর্যন্ত কল না পান তাহলে 212-639-5014-এ কল করুন।



আপনার অস্ত্রোপচারের আগের রাতে মধ্যরাতের পরে কিছু খাবেন না। এর মধ্যে চকোলেট এবং চিউইং গামও অন্তর্ভুক্ত।

## আপনার অস্ত্রোপচারের দিন সকালে, \_\_\_\_\_ তারিখে

- যদি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে একটি ClearFast preop® পানীয় দিয়ে থাকেন তাহলে আপনার নির্ধারিত আগমনের সময় থেকে 2 ঘন্টা আগে এটি শেষ করুন। পানি সহ আর কিছু পান করবেন না।
- যদি আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে ClearFast PreOp পানীয়টি না দিয়ে থাকেন তবে আপনি মধ্যরাত থেকে আপনার নির্ধারিত আগমনের সময়ের 2 ঘন্টা আগের মধ্যে মোট 12 আউন্স পানীয় পান করতে পারেন। আর কিছু পান করবেন না।

- এই ওষুধগুলি খাবেন:

---

---

---

---

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর নির্দেশাবলি অনুসারে এই ওষুধগুলি সেবন করা বন্ধ করুন :

---

---

---

---



আপন

ার নির্ধারিত আগমনের সময় থেকে 2 ঘন্টা আগে থেকে শুরু করে কিছুই পান করবেন না। এর মধ্যে ClearFast এবং পানি অন্তর্ভুক্ত।

## যোগাযোগের তথ্য

আপনার ওষুধ সেবনের নির্দেশাবলি সম্পর্কে আপনার যদি প্রশ্ন বা উদ্বেগ থেকে থাকে তবে প্রিসার্জিকাল টেস্টিং (PST) টিমের একজন সদস্যের সাথে কথা বলুন। আপনি তাদের সাথে সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে বিকাল 5টা পর্যন্ত 212-610-0488-তে যোগাযোগ করতে পারেন।

বিকাল 5টার পরে, সপ্তাহান্তে এবং ছুটির দিনে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর অফিসে যোগাযোগ করুন। তাদের সাথে কীভাবে যোগাযোগ করবেন সেই বিষয়ে অনিশ্চিত হলে 212-639-2000-এ কল করুন।

আপনি আজ যে নার্স প্র্যাকটিশনার (NP)-এর সাথে দেখা করেছেন তিনি হলেন:

আরো রিসোর্সের জন্য [www.mskcc.org/pe](http://www.mskcc.org/pe)-এ ভিজিট করে আমাদের ভার্চুয়াল লাইব্রেরি দেখুন।

Instructions Before Your Surgery - Last updated on November 24, 2020

Memorial Sloan Kettering Cancer Center কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত